মেহেরপুরের রাজনগরে ফুটবল টুর্নামেন্টের দরবেশপুর জয়ী

মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টে দরবেশপুর ফুটবল একাদশ ২ গোলে জয়ী হয়েছে।

শনিবার বিকালে রাজনগর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ৮০ মিনিটের খেলায় টান টান উত্তেজনায় দরবেশপুর ফুটবল একাদশ ২-০ গোলে জয়ী হয়ে যুগিন্দা ফুটবল একাদশ কে পরাজিত করে।

খেলা শেষে ম্যান অব দা ম্যাচ ও সেরা গোলদাতা সহ তিন জনকে প্রাইজবন্ড দিয়ে পুরস্কৃত করা হয়।

খেলাটি পরিচালনা করেন জহির উদ্দিন, ইমাদুল ইসলাম, হাসিবুল ইসলাম। খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার।

এ সময় খেলা পরিচালনা কমিটির সহ সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, ওর্য়াড যুবলীগের সভাপতি মামুনুর রশিদ, সদস্য সুমন সরকার, সাবদার আলী, জাসুদ আলী সহ খেলা দেখতে আসা হাজার হাজার দর্শক খেলাটি উপভোগ করেন।

নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গার কুমার নদীর পুনঃখননের কাজের উদ্বোধন করলেন- এমপি ছেলুন

আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালিয়া কুমারনদীর পুনঃখনন কাজের উদ্বোধন করা হয়েছে।
গতকাল বেলা সাড়ে ১১ টার দিকে আনুষ্ঠানিক ভাবে শুভ উদ্বোধন করেন

প্রধান অতিথি চুয়াডাঙ্গা ১ আসনের মাননীয় সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

অনুষ্টানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার জনাব আবুল বাশার, পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী, আলমডাঙ্গা থানা ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল, জেলা সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, জেলা ছাত্রলীগের সভাপতি মোনায়েম হাসান জোয়ার্দ্দার অনিক এবং স্থানীয় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন

ভাংবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আশাবুল হক ঠান্ডু, সাধারণ সম্পাদক সাজিবুর রহমান, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সচিব জিনারুল ইসলাম বিশ্বাস, মুক্তিযোদ্ধা খোশদেল আলম, আব্দুল মালেক, সোয়েব উদ্দীন, ভাংবাড়ীয়া ইউপির ১নং ওয়ার্ড সদস্য আমিরুল ইসলাম, ২নং ওয়ার্ড সদস্য সাহিবুল ইসলাম, ৮নং ওয়ার্ড ইউপি সদস্য সুমন বিশ্বাস, ৯নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য আব্দুস সালাম, ৮নং ওয়ার্ড সাবেক ইউপি সদস্য বিল্লাল হোসেন, আওয়ামী লীগ নেতা আশরাফুজ্জামান নান্নু, বিল্লাল হোসেন কালু, আজাদ আলী বিশ্বাস, আসমান হাকিম, মহাবুল ইসলাম, আমিরুল প্রামাণিক, আব্দুর রাজ্জাক, আব্দুল হান্নান সহ উপজেলা ও জেলা আওয়ামী লীগের নেতাবৃন্দ।

আলমডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র ভবন

নির্মাণের উদ্বোধন

মেহেরপুর জেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র ভবন নির্মাণের উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন নাম ফলক উন্মোচন করে ভবন নির্মাণের উদ্বোধন করেন।

এ সময় সেখানে মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন কোর্ট মসজিদের ইমাম আনসার উদ্দিন বেলালী।

এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: আতাউল আতাউল গনি, পুলিশ সুপার এসএম মুরাদ আলি, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোহাম্মদ শফিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাহিদা ইসলাম প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি

আগামি প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধ কি তা সাক্ষি হয়ে থাকবে বধ্যভুমি- এমপি ছেলুন

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় দলীয় নেতা কর্মিদের সাথে মত বিনিময় করেছেন।

গতকাল শুক্রবার বেলা সাড়ে ৪ টার দিকে উপজোর বধ্যভুমিতে মত বিনিময় সভা করেন। মত বিনিময়কালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, আলমডাঙ্গার বধ্যভুমি নির্মান করে আগামি প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধ কি? পাক সেনারা বাঙালিদের উপর কি নির্মম অত্যাচার করেছিল, কি ভাবে নিরপরাধ মানুষকে হত্যা করে তাদেরকে এই বধ্যভুমিতে পুতে রেখেছিল, সে ইতিহাস তারা জানতে পারবে।

আমার এই প্রয়াস সফল হলে সকল শহীদ মুক্তিযোদ্ধারা শান্তি পাবে। তিনি আরও বলেন একটি দলের প্রাণ হলো নেতা কর্মি। যে দলের কর্মি নেই সে দলের কোন কার্যক্রম থাকে না। আজকে আওয়ামী লীগের নেতা কর্মি আছে বলেই কোন অপশক্তিই আওয়ামী লীগকে দাবিয়ে রাখতে পারেবে না।

মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদীর গনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি খুস্তার জামিল, সাংগাঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, থানা অফিসার ইনচার্য সৈয়দ আসিকুর রহমান। উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাষ্টারের উপস্থাপনায় বক্তব্য রাখেন, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, পৌর আওয়ামী লীগের, সম্পাদক সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, খন্দকার শাহ আলম মন্টু, জেলা নির্বাহী সদস্য শাহ আলম, দেলোয়ার হোসেন, উপজেলা, রেজাউল হক তবা, ওয়াজেদ আলী, পৌর আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক সিরাজুল, কুমারি ইউপি চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, আব্দুর রাজ্জাক, জাহাঙ্গির হোসেন, বিআরডিবি চেয়ারম্যান মহিদুল ইসলাম মুহিদ, ২নং ওয়ার্ড সভাপতি জাহাঙ্গির হোসেন, খন্দকার মজিবুল হক, খবির উদ্দিন, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামী লীগের আহবায়ক জালাল উদ্দিন, মুক্তিযোদ্ধা দিদার আলী, জেলা যুবলীগের সদস্য ও পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক, উপজেলা যুবলীগের আহবায়ক আহসান উল্লাহ, সৈকত খান, আলমডাঙ্গা সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগের সাবেক সম্পাদক মিজানুর রহমান মিজান, যুবলীগ নেতা, সাইফুর রহমান পিন্টু, ডা. আনিসুর রহমান, দেলোয়ার হোসেন বেল্টু, সাবেক ছাত্রলীগ নেতা তামিম, হাসানুজ্জামান, রকি, সুরুজ প্রমুখ।

আলমডাঙ্গা প্রতিনিধি

মোমিনপুর ছহীউদ্দিন ফুটবলে ফাইনালে ভবানন্দপুর

মেহেরপুর সদরের মোমিনপুর হাই স্কুল মাঠে সাবেক সংসদ সদস্য মুক্তিযোদ্ধা ছহীউদ্দিন স্মৃতি ফটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৪ ঘটিকার সময় এক জনাকীর্ণ মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়। এ খেলায় অংশগ্রহণ করে ভাটপাড়া ফুটবল একাদশ ও ভবানন্দপুর ফুটবল একাদশ। নির্ধারিত ৯০ মিনিটের খেলায় কোন পক্ষে গোল না করায় পরবর্তীতে ট্রাইবেকার এর মাধ্যমে বিজয়ী দল নির্ধারণ করা হয়।

ভবানন্দপুর ফুটবল একাদশ ৯-৮ গোলে ভাটপাড়া একাদশকে পরাজিত করে। মোমিনপুর ডায়মন্ড ক্লাব কর্তৃক আয়োজিত এ খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদ সদস্য রফিকুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম লিটন, সাবেক ছাত্রনেতা বেলাল হোসেন মানিক, ইউনিয়ন যুবলীগের সভাপতি এস আই রিঙ্কু মাহমুদ।

খেলার সার্বিক দায়িত্বে ছিলেন মোমিনপুর ডায়মন্ড ক্লাবের সভাপতি জয়নাল আবেদিন ও সাধারণ সম্পাদক রিপন আলি খেলা পরিচালনায় রেফারির দায়িত্ব পালন করেন মিলন হোসেন।

- বারাদী প্রতিনিধি

মেহেরপুরে অরণি থিয়েটারের রজত

জয়ন্তী পালন

মেহেরপুরে ২৫ বছর পূর্তি উদযাপন উপলক্ষে অরণি থিয়েটার ও অরণি চিলড্রেন্স থিয়েটার শোভাযাত্রা ও সাংস্কৃতিক আড্ডার মধ্য দিয়ে পালন করছে।

শুক্রবার বিকাল সাড়ে ৪ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী চত্ত্বরস্থ অরণি থিয়েটারের নিজ কার্যালয় থেকে একটি শোভাযাত্রা দিয়ে রজত জয়ন্তী উদযাপনের সূচনা করে।

শোভাযাত্রাটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিন করে মেহেরপুর শহীদ ড. সামসুজ্জোহা নগর উদ্যানে গিয়ে শেষ হয়। শোভাযাত্রায় অরণি থিয়েটার ও অরণি চিলড্রেন্স থিয়েটারের বর্তমান ও প্রবিন সদস্যারা বিভিন্ন রাজকীয় পোষকসহ ২৫ বছর পূর্তি উপলক্ষে ২৫টি জাতীয় পতাকা, বিভিন্ন রঙ্গীন পতাকা ও ডিসপ্লে বোর্ড নিয়ে অংগ্রহন করে।

পরে শহীদ ড. সামসুজ্জোহা নগর উদ্যানে ২৫ টি মশাল জালিয়ে সাংস্কৃতিক আড্ডা ও অতিথি কথন‘র সূচনা করা হয়। অতিথি কথন এ মেহেরপুর জেলার বিভিন্ন সংগঠনের কর্নধারগণ অরণি থিয়েটারকে অভিনন্দন জানান।

সাংস্কৃতিক আড্ডার পাশাপাশি অতিথি কথন এ বক্তব্য রাখেন মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান, অ্যাড. শফিউদ্দীন, অবসর এর সভাপতি জানে আলম, জেলা শিল্পকলা একাডেমীর সাবেক সাধারণ সম্পাদক মফিজুর রহমান প্রমুখ।

এর মধ্যেই অরণি থিয়েটার ও অরণি চিলড্রেন্স থিয়েটার পরিবেশন করে বিশেষ নাট্যাংশ।

নিজস্ব প্রতিনিধি

গোভীপুরে রশীদুল আজম টোকন স্মৃতি ফুটবল আমঝুপি শিশু- কিশোর চ্যাম্পিয়ন

মেহেরপুর সদর উপজেলার গোভিপুর ভৈরব ক্লাবের উদ্যোগে গোভিপুর মাঠে অনুষ্ঠিত রশীদুল আজম টোকন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের আমঝুপি শিশু-কিশোর সংগঠন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

শুক্রবার অনুষ্ঠিত ফাইনাল খেলায় আমঝুপি ৩-১ গোলে ঝাউবাড়িয়া সত্যসন্ধ ক্লাবকে পরাজিত করে ।

ফাইনাল খেলা শুরু হওয়ার আগেই মেহেরপুরের গোভীপুরে মাঠ দর্শকে পরিপূর্ণ হয়ে ওঠে হাজার হাজার দর্শক মাঠে নিজ নিজ দলের পক্ষে স্লোগান দিতে শুরু করে।
খেলার শুরুতেই দুই দলই নিস্প্রভ থাকলেও শেষ দিকে এসে আমঝুপির মিঠু একটি দর্শনীয় গোল করে খেলায় এগিয়ে যায়। প্রথমাদ্ধে বাকি সময়টুকু উভয় দলের খেলার গোলের সুযোগ পেলেও তা শেষ পর্যন্ত আর করতে পারেনি।

বিরতির পর উভয় দলই আক্রমণ এবং পাল্টা আক্রমণ করে খেলতে থাকে কিন্তু আমঝুপির মিঠু করার পাশাপাশি নিজের হ্যাটট্রিক সম্ভাবনা গড়ে তোলেন ।

খেলা শেষ দিকে মিঠু যখন তৃতীয় গোলটি করতে যাচ্ছিলেন ঠিক সে সময় গোলরক্ষকের কাছ থেকে পরাস্ত হয়ে আগুয়ান বাপ্পির উদ্দেশ্যে ছেড়ে দেন বাপ্পি ফাকায় দাঁড়িয়ে থাকা অবস্থায় জালে বল জড়িয়ে দেন।

তিন গোলে এগিয়ে যাওয়ার পর আমঝুপি শিশু-কিশোর সংগঠন কিছুটা ঝিমিয়ে পড়েন আর সেই সুযোগকে কাজে লাগিয়ে ঝাউবাড়িয়া সাব্বির গোল করে গোলের ব্যবধান ব্যবধান ৩-১ এ নিয়ে যান । আবারো গোল করে দলের গোলের ব্যবধান দ্বিগুণ এ পরিণত করেন।

খেলার শেষ বাঁশি বাজার সাথে সাথে উৎসুক জনতা নিজ দলের পক্ষে ব্যাপক উল্লাস প্রকাশ করে এবং পটকা ফুটিয়ে আনন্দ প্রকাশ করে।

খেলা শেষে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ জামাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে ট্রফি এবং একটি গরু এবং

বিজিত দলের হাতে ছাগল এবং ট্রফি তুলে দেন।

এ সময় সেখানে আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, আমদা ইউনিয়নের চেয়ারম্যান আনারুল ইসলাম, টুর্নামেন্ট কমিটির আহ্বায়ক আলী রেজা, মুক্তিযোদ্ধা হায়দার আলী খান, ইউপি সদস্য আলমগীর হোসেন লাল্টু, জাহাঙ্গীর, পলাশ, সেলিম, সুমন প্রমুখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

এমপিও ভুক্তি হওয়ায় আনন্দ র্যালী

হেরপুর সদরের মোমিনপুর মাধ্যমিক বালিকা ও বর্শিবাড়িয়া বিদ্যালয় এমপিও ভুক্ত হওয়ায় আনন্দ র্যালি করেছে প্রতিষ্ঠানটি।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০ ঘটিকার সময় বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি আনন্দ র্যালি বের করে বারাদি বাজারের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে র্যালী টি শেষ হয়।

মোমিনপুর মাধ্যমিক বালিকা বর্শিবাড়িয়া বিদ্যালয় এমপিও ভুক্ত হওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা, শিক্ষা মন্ত্রী ড. দিপু মনি, ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য অধ্যাপক ফরহাদ হোসেন এমপি কে অভিনন্দন জানিয়েছেন।

এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, ও আবুল কালাম আজাদ, স্কুল মেনেজিং কমিটির সভাপতি ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামীম ফেরদৌস,ও উপজেলা ভাইস চেয়ারম্যান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মমিন সহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দ দীর্ঘদিনের চাওয়া- পাওয়ার পূর্ণতা পাওয়াই শিক্ষক কর্মচারীদের মধ্যে আনন্দ অনুভূত হয়।

নদী খননে তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় পৌঁছাবে

চুয়াডাঙ্গার মাথাভাঙ্গা নদীসহ ৫টি নদী খননের উদ্যোগ গ্রহন করেছে সরকার। ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায় এ নদী খনন করা হবে।

প্রকল্প বাস্তবায়নের অংশ হিসাবে গতকাল বৃহস্পতিবার দুপুরে জীবননগরে চিত্রা নদী খনন কাজের উদ্বোধন করা হয়। জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া পিচ মোড় গ্রামে নদীর মাটি কেটে খনন কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, স্থানীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম, জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম ও পানি উন্নয়ণ বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা, সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান আবু মো: আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুল সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন।

এ সময় সংসদ সদস্য আলী আজগর টগর বলেন, বাংলাদেশ নদীমাতিৃক দেশ। তাই সারা দেশে নদীগুলোকে বাঁচানোর উদ্যোগ গ্রহন করেছে সরকার। বর্তমান সরকার উন্নয়নে বিশ্বাসী। দেশের নদীগুলো সচল হলে দেশের তৃণমূলের কৃষি ঘুরে দাঁড়াবে। তাই প্রধানমন্ত্রীর নির্দেশে ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায়

চুয়াডাঙ্গার ৫টি নদী খনন করা হবে। চিত্রা নদী খনন সেই উন্নয়নের ধারাবাহিকতার অংশ।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জনন্ত্রেী শেখ হাসিনার নদী খনন প্রকল্পটি যুগান্তকারী সিদ্ধান্ত। কারণ নদীগুলো বাঁচলে বাঁচবে পরিবেশ, রক্ষা হবে জীব বৈচিত্র। তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় উন্নতি হবে। আর এ কারণে নদী বাঁচাতে সরকারের এ পরিকল্পনা ।

চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডরে নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম জানান, প্রকল্পের ১ম পর্যায়ে চুয়াডাঙ্গার মধ্য নদী বয়ে যাওয়া চিত্রা নদী খনন করা হবে। এর মধ্যে জীবননগর উপজেলাতে ৬ কিলোমিটার নদী খনন করা হবে। ২০২০ সালের ২০ জুনের মধ্যে খননের কাজ শেষ করা হবে।

জীবননগর প্রতিনিধি

দর্শনায় জাসদের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

দর্শনা পৌর জাসদের উদ্যোগে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ এর প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

গতকাল ৩১অক্টোবর জাসদ (ইনু) এর ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে দর্শনা পৌর জাসদের ফুলতলা কার্যালয়ে আলোচনা সভা ও কেক কেটে দিনটি পালন করে।

দর্শনা পৌর জাসদের সভাপতি জুলফিকার হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনা দামুড়হুদা উপজেলা জাসদের সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু বক্তব্য রাখতে গিয়ে বলেন, ১৯৭১ সালে গণতন্ত্র, বাংলাদেশ জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, ধর্ম নিরপেক্ষ এই ৪টি সাংবিধানিক ধারার উপর এ দেশকে প্রতিষ্ঠা হয়।

জাসদের জন্ম হয় সমাজতন্ত্র প্রতিষ্ঠার লক্ষে। যেখানে দেশের সকল

পর্যায়ের মানুষ খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ও বিনোদন পাবে। দেশের সর্বক্ষেত্রে সমান অধিকার নিয়ে বেঁচে থাকতে পারবে। সকলের জন্য সমান সুযোগ সৃষ্টি করতে তাদের অবিরাম সংগ্রাম।

এছাড়া দেশে সু-সাশন প্রতিষ্ঠা, আইনের শাসন ও দুর্নীতি মুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠা করা। দুর্নীতির বিরুদ্ধে সুদ্ধি অভিযানের মাধ্যমে একটি উন্নয়নশীল দেশ গঠনের দাবী করেন।

এছাড়া আলোচনা সভায় বক্তব্য রাখেন, দর্শনা পৌর জাসদের সাধারণ সম্পাদক রেজাউল করিম পিটু, সাবেক সাধারণ সম্পাদক আ ন ম জামাল উদ্দিন, গোলম মোস্তফা, সাবেক ছাত্র নেতা নুরুল আলম বাকু, ৯নং ওর্য়াড সভাপতি রফিকুল ইসলাম, শিক্ষক নজরুল ইসলাম, রাজু আহম্মেদ, রাহেন আলী ও হায়দার আলী।

এছাড়া অর্ধশতাধিক নেতা-কর্মী উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাবেক দর্শনা সরকারী কলেজ ছাত্রনেতা আওয়াল হোসেন।

দর্শনা প্রতিনিধি